দৈনিক
ইনকিলাব

তারিখ 8 MAY 2003

# জাবি প্রক্টরকে অব্যাহতি দান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ভর্তি পরীক্ষার প্রশ্নোত্তর বলে দেয়ার অভিযোগে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রক্টরকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন গতকাল (বুধবার) সকালে অব্যাহতি দিয়েছে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ একেএম গোলাম হোসেনের মেয়ে গত ৬ মে সকালে ফার্মেসীর পরীক্ষায় অংশগ্রহণ করেছিল। সে সময় প্রক্টর গোলাম হোসেন পরীক্ষার হলে ঢুকে তার মেয়েকে প্রশ্নোত্তর বলে দিতে থাকেন। ওই সময় দায়িত্বরত শিক্ষক নিষেধ করায় প্রক্টর পরীক্ষা শেষে দায়িত্বরত শিক্ষক জনাব মোতাহার হোসেনকে 'বাস্টার্ড' বলে গালি দেয়। বিষয়টি সাথে সাথে জনাব মোতাহার হোসেন বিশ্ববিদ্যালয় প্রশাসন ও শিক্ষক সমিতিকে জানিয়ে বিচারের দাবী জানান। শিক্ষক সমিতি গতকালই ভিসি অধ্যাপক জসীমকে জানিয়ে অপসারণের দাবী জানান। শিক্ষক সমিতির অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রক্টর গোলাম হোসেনকে গতকাল অব্যাহতি দিয়ে সহকারী প্রক্টর জনাব ছালেহ আহমেদকে ভারপ্রাপ্ত প্রক্টরের দায়িত্ব দেয়া হয়েছে।